অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
www.samakal.net

দৈনিক সমকাল, ২০১৮-০১-২৩, পৃ- ১৯



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সোমবার বঙ্গভবনে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির চেয়ারম্যান শেখ কবির হোসেনের নেতৃত্বে প্রতিনিধি দলের সদস্যরা সাক্ষাৎ করেন ■ পিআইডি

### এপিইউবি নেতাদের রাষ্ট্রপতি

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিত করুন

■ বাসস

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশে মানসম্মত উচ্চশিক্ষা নিশ্চিত করতে বাস্তব পদক্ষেপ নিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল সোমবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে শেখ কবির হোসেনের নেতৃত্বে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) নেতারা সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, উচ্চশিক্ষার ক্ষেত্রে মান নিশ্চিত করার কোনো বিকল্প নেই।

রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদিন জানান, রাষ্ট্রপতি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি শিক্ষার ক্ষেত্রে বাণিজ্যিক মনোভাব পরিহার করা এবং উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে আন্তর্জাতিক মান বজায় রেখে মানসম্মত শিক্ষা নিশ্চিতের নির্দেশনা দিয়েছেন।

বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষার সর্বোচ্চ অঙ্গন অভিহিত করে রাষ্ট্রপতি সুষ্ঠুভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিশেষ করে শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি বৈশ্বিক প্রতিযোগিতার জন্য শিক্ষার্থীদের প্রস্তুতের পাশাপাশি বিশ্ববিদ্যালয়গুলোতে বিরাজমান সব সমস্যার সমাধানে যৌথ উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

এপিইউবি নেতারা রাষ্ট্রপতিকে সাম্প্রতিক অবকাঠামোগত উন্নয়ন, শিক্ষা কার্যক্রম, বিভিন্ন সমস্যা ও ভবিষ্যৎ পরিকল্পনাসহ বিশ্ববিদ্যালয়গুলোর সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

প্রতিনিধি দলের পক্ষ থেকে রাষ্ট্রপতিকে বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন সময়োপযোগী করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। এ সময় রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবরা উপস্থিত ছিলেন।

**'যথাযথ সেবা নিশ্চিতে খানা জরিপ গুরুত্বপূর্ণ'** : রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, গণমানুষের যথাযথ সেবা নিশ্চিত করার জন্য খানা জরিপ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) গৃহীত দ্বিতীয় পর্যায়ের 'ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (এনএইচডি)' প্রকল্পের তথ্য সংগ্রহ কর্মসূচির অংশ হিসেবে গতকাল বঙ্গভবনে তিনি খানা জরিপের তথ্য পূরণের সময় এই মন্তব্য করেন। রাষ্ট্রপতি খানা জরিপে তথ্য সংগ্রহে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও সততার সঙ্গে নাগরিকদের কাছ থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কথা বলেন, যাতে জরিপে প্রকৃত চিত্র ফুটে ওঠে।

দ্বিতীয় পর্যায়ের 'ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেজ (এনএইচডি)' প্রকল্পের আওতায় চলতি বছর ২৫ জেলার তথ্য সংগ্রহ গত ১৪ জানুয়ারিতে শুরু হয়েছে। জনগণের আর্থ-সামাজিক অবস্থার ভিত্তিতে সরকারের সমন্বিত ডাটাবেজ তৈরির অংশ হিসেবে এ জরিপ কাজ সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে সম্পন্ন হবে। আগামী ২ ফেব্রুয়ারি পর্যন্ত তথ্য সংগ্রহের কাজ চলবে।

রাষ্ট্রপতি আবদুল হামিদ চলমান এই কর্মসূচিকে সফল করার জন্য জনগণকে সার্বিক সহযোগিতা প্রদানের আহ্বান জানান। ■ পৃষ্ঠা ৪ : কলাম ৪

East West University
EAST WEST UNIVERSITY
LIBRARY
Plot No-A/2, Jahurul Islam City, Aftabnagar, Dhaka-1212

## বেসরকারি

[১৯ পৃষ্ঠার পর]

এই কর্মসূচির গুরুত্ব প্রসঙ্গে তিনি বলেন, সরকারের বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিতে প্রকৃত নাগরিকদের সুবিধা নিশ্চিত করার জন্য তথ্য সংগ্রহ খুবই জরুরি। পরিসংখ্যান ও তথ্য বিভাগের সচিব এ কে এম মোজাম্মেল হক ও রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবরা এ সময় উপস্থিত ছিলেন।